



ইশরাকের অস্ত্র প্রদর্শনের ঘটনায় তদন্তের নির্দেশ ডিএমপি



ছবি: সংগৃহীত

মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেনের অস্ত্র প্রদর্শনের ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। রোববার ডিএমপির মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে গোয়েন্দা বিভাগের (ডিবি) প্রধান শফিকুল ইসলাম জানান, ওয়ারী বিভাগের উপকমিশনারকে (ডিসি) তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে। তিনি বলেন, তদন্তে আইন লঙ্ঘনের প্রমাণ পাওয়া গেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। মন্ত্রী পুলিশের দায়িত্ব পালন করতে পারেন কি না, এমন প্রশ্নে মন্তব্য করেননি ডিবিপ্রধান। শনিবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে ‘ইশরাকের অ্যাকশন: মাদক আস্তানা গুঁড়িয়ে বিক্রেতাদের পুলিশে সোপর্দ’ শিরোনামে একটি ভিডিও প্রকাশ করেন ইশরাক। গেভারিয়ার রেললাইনের কাছে মাদকবিরোধী অভিযানের সময় ধারণ করা ওই ভিডিওতে তাঁকে আগ্নেয়াস্ত্র হাতে কয়েকজনকে ধাওয়া করতে দেখা যায়। তাঁর সঙ্গে থাকা আরেক ব্যক্তির হাতেও অস্ত্র ছিল। এ সময় কয়েকজনকে আটক করার দৃশ্যও দেখা যায়। ভিডিওতে ইশরাককে ওয়াকিটকিতে কথা বলার পাশাপাশি ‘দাঁড়া’ বলে চিৎকার করতে শোনা যায়। অন্য এক ব্যক্তিকে কয়েকজনের দিকে অস্ত্র তাক করতে এবং একজনকে লাথি মারতেও দেখা যায়। পৃথক ভিডিওতে পুলিশকে কয়েকজনকে হাতকড়া পরিয়ে নিয়ে যেতে দেখা গেছে।